

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৮ ১

জিরানীয়া, ১২ এপ্রিল, ২০২৫

**আইআইআইটি'র সমাবর্তন অনুষ্ঠিত**

আজ এনআইটি আগরতলার বিশেষশুরাইয়া অডিটোরিয়ামে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইনফরমেশন টেকনোলজি, আগরতলার দ্বিতীয় ও তৃতীয় সমাবর্তন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গুয়াহাটীস্থিত ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি এবং ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইনফরমেশন টেকনোলজি'র প্রাক্তন ডিরেক্টর প্রফেসর (ডা.) গৌতম বড়ুয়া। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আগরতলাস্থিত ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইনফরমেশন টেকনোলজি'র ডিরেক্টর প্রফেসর অভয় কুমার। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এনআইটি আগরতলার ডিরেক্টর প্রফেসর সরত কুমার পাত্রা, বোর্ড অফ গভর্নস এর সদস্যগণ, সিনেট'র সদস্যগণ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বোর্ড অফ গভর্নস'র চেয়ারম্যান প্রাক্তন লেফটেন্যান্ট জেনারেল ড. কনসাম হিমালয় সিং। আজ সমাবর্তন অনুষ্ঠানে মোট ৩৩ জন ছাত্রছাত্রীকে ডিগ্রির শংসাপত্র তুলে দেওয়া হয়। এতে ২০২২-২৩ সালের ১৫ জন ছাত্রছাত্রী এবং ২০২৩-২৪ সালের ১৮ জন ছাত্রছাত্রী রয়েছে। তারা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিংয়ে বি টেক ডিগ্রি অর্জন করেছে।

\*\*\*\*\*